

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৭-২৭৪


তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রাশেদ রেজা, ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১২.০৭.২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৬-৫২৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ০৫.০৪.২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রাশেদ রেজা, ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর এর বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিসের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবী করতে পারবেন না। তাঁর ১৬.০৬.২০১৫ খ্রিঃ হতে ২২.০৭.২০১৬ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।


০৫/০৪/১৭
(সরদার আব্দুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
৩৩জগণীও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৭-২৭৪ (২৩৪)

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, যশোর।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৮। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোঃ রাশেদ রেজা, ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর।


০৫/০৪/২০১৭
(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১০.২০১৭-১৭৫

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ


আদেশ

যেহেতু ডাঃ শাহরিমা আফরিন (১৩৪৯২১), সহকারী সার্জন, কাশিপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, বরিশাল বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৩১.০১.২০১৭ খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১০.২০১৭-৬৮নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৫.০৪.২০১৭ খ্রিঃ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, সহকারী সার্জন, কাশিপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, বরিশাল পদে কর্মরত থাকাকালীন সময়ে জ্বর ও পরে জন্ডিস রোগে আক্রান্ত হন এবং চিকিৎসকের চিকিৎসা উপদেশে থাকেন। তিনি নিয়মিত অফিসে উপস্থিত হতে পারেননি যা তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, বরিশালকে অবহিত করেছিলেন। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি যা তাঁর সম্পূর্ণ অনিচ্ছাকৃত অপরাধ তা স্বীকার করছেন ও নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ শাহরিমা আফরিন (১৩৪৯২১), সহকারী সার্জন, কাশিপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিতে তাঁকে 'তিরস্কার (Censure)' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল। জুন/২০১৬ মাসের ৬ তারিখ থেকে ৩০ তারিখ মোট ২৫ (পঁচিশ) দিন, জুলাই/২০১৬ মাসের ২৫ তারিখ হতে ৩১ তারিখ মোট ৭ (সাত) দিন, আগস্ট/২০১৬ মাসের ১ তারিখ থেকে ৩১ তারিখ মোট ৩১ (এক ত্রিশ) দিন, সেপ্টেম্বর/২০১৬ মাসের ১ তারিখ হতে ৩০ তারিখ মোট ৩০ (ত্রিশ) দিন, অক্টোবর/২০১৬ মাসের ১ তারিখ থেকে ৩১ তারিখ মোট ৩১ (এক ত্রিশ) দিন, নভেম্বর/২০১৬ মাসের ১ তারিখ থেকে ৩০ তারিখ মোট ৩০ (ত্রিশ) দিন, ডিসেম্বর/২০১৬ মাসের ১ তারিখ থেকে ৩০ তারিখ মোট ৩০ (ত্রিশ) দিন সর্বমোট = ১৮৪ (একশত চুয়াশি) দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।


০৫/০৪/১৭
(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর


ভেজপাও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১০.২০১৭-১৭৫ (১১)

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, বরিশাল।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, বরিশাল।
- ৮। উপজেলা হিসরজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, বরিশাল।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ১০। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ শাহরিমা আফরিন (১৩৪৯২১), সহকারী সার্জন, কাশিপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, বরিশাল।


০৫/০৪/২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
casdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৪.২০১৬- ১৭৬

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ উপল সীজার (৪১৭৬৬), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন বিভাগ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২৮.০১.২০১৬ খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৪.২০১৬-৭৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, ডাঃ উপল সীজার (৪১৭৬৬), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন বিভাগ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুরকে Surveillance Medical Officer (SMO) under World Health Organization (WHO) BAN-IVD, Dhaka পদে কাজ করার জন্য অনুমতি প্রদান করা হলেও তিনি তার মঞ্জুরীকৃত ০১.০১.২০১৫ তারিখ হতে ২৮.১২.২০১৫ তারিখ পর্যন্ত লিয়েন সরকারের অনুমোদন ব্যতিত সিয়েরালিয়নের WHO সংস্থায় চাকুরি করেন। এছাড়াও তিনি ১১.০২.২০১৬খ্রিঃ তারিখ হতে ০৪.০৩.২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। প্রথম শ্রেণির একজন কর্মকর্তা এবং চিকিৎসক হিসেবে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ না করে সিয়েরালিয়নের WHO সংস্থায় কর্মরত থাকার বিষয়টি অনাকাঙ্ক্ষিত এবং তার এহেন আচরণ মোটেও কাম্য নয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৫.০৪.২০১৭খ্রিঃ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ উপল সীজার (৪১৭৬৬), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন বিভাগ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিতে তাকে 'তিরস্কার (Censure)' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল। তাঁর ১১.০২.২০১৬খ্রিঃ তারিখ হতে ০৪.০৩.২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হনো।


০৫/০৪/১৭
(সরদার আব্দুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৪.২০১৬- ১৭৬(১০০)

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর।
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দিনাজপুর।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৮। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ উপল সীজার (৪১৭৬৬), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন বিভাগ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর।


০৫/০৪/২০১৭
(আসমা আসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৭- ২০২

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ

আদেশ


যেহেতু, ডাঃ মোঃ ইফতেখার-উল হক খান (১১১০১৭), জুনিয়র কনসালটেন্ট (শিশু), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৫.০৩.২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৭-১১৫নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ ইফতেখার-উল হক খান (১১১০১৭), জুনিয়র কনসালটেন্ট (শিশু), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে স্বাস্থ্য অধিদপ্তরের ২৯.০৩.২০১৫ তারিখের ডিজিএইচএস/পার-১/জুনিঃকনঃ-পদায়ন/২০১৫/৩৬৯১ প্রজ্ঞাপন মোতাবেক জুনিঃ কনঃ (শিশু) হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনায় বদলির প্রেক্ষিতে ১৫/০৪/২০১৫ খ্রিঃ সিভিল সার্জন, পাবনা বরাবর যোগদনপত্র দাখিল করেন। পরবর্তী ১৬/০৪/২০১৫ তারিখ হতে ১৪/০১/২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ২২.০৩.২০১৭খ্রিঃ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ ইফতেখার-উল হক খান (১১১০১৭), জুনিয়র কনসালটেন্ট (শিশু), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিতে তাঁর ০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবী করতে পারবেন না।

তাঁর ১৬.০৪.২০১৫খ্রিঃ তারিখ হতে ১৪.০১.২০১৭খ্রিঃ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়ে উত্তোলিত বেতন ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।


০৫/০৪/১৭
(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৭- ২০২/১৫০

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, পাবনা।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাবনা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৮। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোঃ ইফতেখার-উল হক খান (১১১০১৭), জুনিয়র কনসালটেন্ট (শিশু), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।


০৫/০৪/২০১৭
(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

আদেশ

যেহেতু, ডাঃ জুবায়ের খালেদ হক (৪৩৩৪৬), প্রাক্তন সহকারী সার্জন, পাথলিয়া ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সাভার, ঢাকা গত ৩০.১১.২০১১ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি), ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৩.০১.২০১৭ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৯.২০১৬-৩৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, ডাঃ জুবায়ের খালেদ হক (৪৩৩৪৬), প্রাক্তন সহকারী সার্জন, পাথলিয়া ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সাভার, ঢাকাকে স্বাস্থ্য অধিদপ্তর হতে পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকায় ন্যস্ত করা হয়। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা কার্যালয়ের ২৯/১১/২০১১ তারিখের ২৬১৩ নং প্রজ্ঞাপন মোতাবেক এমও (জুনিঃ কনঃ সার্জারী পদের বিপরীতে), আটপাড়া, নেত্রকোণায় বদলি করা হয়। তিনি বদলি আদেশ মোতাবেক বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে ৩০.১১.২০১১ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ০৪.০৪.২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তার চাকুরির বয়সকাল প্রায় ১১(এগার) বছর এবং একজন নবীন কর্মকর্তা হিসাবে তিনি আগামী ১২/১৩ বছর সরকারি চাকুরিতে নিয়োজিত থেকে জেরনটলজি ও জেরিয়াট্রিক রোগের কারণে নির্ণয়ে বিশেষজ্ঞ হিসেবে জনস্বাস্থ্যে ভূমিকা রাখতে পারবেন। রোগীর তুলনায় বর্তমানে দেশে জেরনটলজি ও জেরিয়াট্রিক রোগীর রোগ নির্ণয়ে বিশেষজ্ঞ পর্যায়ের চিকিৎসকের যথেষ্ট অপ্রতুলতা রয়েছে। এ প্রেক্ষিতে তাঁকে চাকুরিতে বহাল করা হলে, বিশেষজ্ঞ চিকিৎসক হিসেবে জনস্বার্থে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবেন। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি যা তার সম্পূর্ণ অনিচ্ছাকৃত অপরাধ তা স্বীকার করেছেন ও নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করছেন। বর্তমানে তিনি চাকুরির যাবতীয় নিয়মকানুন ও বিধিবিধান মেনে চাকুরিতে নিয়মিত হতে বদ্ধ পরিকর।

এক্ষণে, যেহেতু, ডাঃ জুবায়ের খালেদ হক (৪৩৩৪৬), প্রাক্তন সহকারী সার্জন, পাথলিয়া ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সাভার, ঢাকা এর বিরুদ্ধে অনীত অভিযোগনামা, জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিতে তাঁর ০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ৩০.১১.২০১১ খ্রিঃ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

০৪.০৪.১৭
(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৯.২০১৬-208/১(১১)

তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, ঢাকা/ নেত্রকোণা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেলান্দহ, জামালপুর।
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নেত্রকোণা।
- ১১। ডাঃ জুবায়ের খালেদ হক (৪৩৩৪৬), প্রাক্তন সহকারী সার্জন, পাথলিয়া ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সাভার, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ- পিতা- মোঃ এনামুল হক, হাউজ-৩৬, সড়ক-২৮, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২০৭)।

০৫/০৪/২০১৭
(আসমা আসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্যসেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৭- ২৪৬

তারিখঃ ০৫.০৬.২০১৭খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ তানজিনা সুলতানা (১২২০৭২), মেডিকেল অফিসার, জুনিয়র কনসালটেন্ট এ্যানেসথেশিয়া পদের বিপরীতে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মতলব (দঃ), চাঁদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ তানজিনা সুলতানা (১২২০৭২), মেডিকেল অফিসার, জুনিয়র কনসালটেন্ট এ্যানেসথেশিয়া পদের বিপরীতে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মতলব (দঃ), চাঁদপুর গত ০১.০৭.২০১১ খ্রিঃ তারিখ হতে ২৯.০৯.২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব


ডাঃ তানজিনা সুলতানা (১২২০৭২),
মেডিকেল অফিসার,
জুনিয়র কনসালটেন্ট এ্যানেসথেশিয়া পদের বিপরীতে,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মতলব (দঃ), চাঁদপুর
(যোগাযোগ ঠিকানাঃ বাড়ি নং- ৬০, রোড নং-১১, ব্লক-ডি, সেকশন-১২, পল্লবী, মিরপুর, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৭- ২৪৬/১ (৬)

তারিখঃ ০৫.০৬.২০১৭খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন, চাঁদপুর।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, মতলব (দঃ), চাঁদপুর।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



(আসমা তাসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ তানজিনা সুলতানা (১২২০৭২), মেডিকেল অফিসার, জুনিয়র কনসালটেন্ট এ্যানেসথেশিয়া পদের বিপরীতে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মতলব (দঃ), চাঁদপুর গত ০১.০৭.২০১১খ্রিঃ তারিখ হতে ২৯.০৯.২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। আপনার উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব